# ALL INDIA RADIO, SILCHAR

*************

**EVENING NEWS BULLETIN**

**BENGALI/ বাংলা**

**25 MARCH 2024**

**7:45-7:55 PM IST**

========================================

(১) প্রথম পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য আগামীকাল থেকে বিভিন্ন রাজনৈতিক দলের মনোনয়ন পত্র দাখিলের তৎপরতা/ আগামী বুধবার মনোনয়ন পত্র দাখিলের শেষ দিন/

(২) নির্বাচন সংক্রান্ত নথি-পত্র ও ভোটার তালিকার জন্য কাগজের ব্যবহার হ্রাস করতে রাজনৈতিক দলগুলি সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্বাচন কমিশনের নির্দেশ/

(৩) কর্মচারী ভবিষ্যনিধি সংস্থা- ই পি এফ ও'র তথ্য অনুসারে চলতি বছরের জানুয়ারি মাসে প্রায় আট লক্ষ আট হাজার নতুন সদস্যের অর্ন্তভুক্তির বিষয়ে প্রকাশ/

(৪) রঙের উৎসব হোলি এবং দোলযাত্রা উপলক্ষে রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী এবং আসামের রাজ্যপালের জনসাধারণের প্রতি শুভেচ্ছা জ্ঞাপন । বরাক উপত্যকায় চিরাচরিত আচার অনুষ্ঠানের মাধ্যমে দোল উৎসব উদযাপিত/

====================================

আসামে প্রথম পর্যায়ের লোকসভা নির্বাচনের জন্য মনোনয়ন পত্র দাখিলের আগামী বুধবার হচ্ছে শেষ দিন । অন্তিম দিনের আর একটিমাত্র দিন বাকি থাকা অবস্থায় বিভিন্ন রাজনৈতিক

দলের প্রার্থীদের মধ্যে আগামীকাল থেকে মনোনয়ন পত্র দাখিলের জন্য তৎপরতা পরিলক্ষিত হবে । দোল উৎসব এবং হোলি উপলক্ষে নির্বাচনী কার্যালয় দুটি দিন বন্ধ থাকার পরিপ্রেক্ষিতে মনোনয়ন পত্র দাখিল করা সম্ভব হয়নি । এরফলে আগামীকাল এই প্রক্রিয়া গতি লাভ করবে বলে আশা করা হচ্ছে। উল্লেখ্য- প্রথম পর্যায়ে আগামী বৃহস্পতিবার মনোনয়ন পত্র গুলি পরীক্ষা করে দেখা হবে । এই পর্যায়ের জন্য মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন হচ্ছে আগামী ৩০শে মার্চ । আসামের নবগঠিত কাজিরাঙ্গা লোকসভা আসন সহ শোণিতপুর, লক্ষিমপুর, ডিব্রুগড় ও যোরহাট আসনে প্রথম পর্যায়ে ভোট নেওয়া হবে । আগামীকাল রাজ্যে ক্ষমতাসীন বিজেপি মিত্রজোট সহ কংগ্রেস এবং অন্যান্য দলের বেশকয়েকজন প্রার্থীরও মনোনয়ন পত্র জমা দেওয়ার কথা রয়েছে । বিজেপির রাজ্য কমিটির মুখ্য কার্যালয় সূত্রে জানানো হয়েছে যে- আগামী দুদিনে পাঁচটি আসনের জন্য বাছাই করা পাঁচজন প্রার্থী তাদের মনোনয়ন পত্র দাখিল করবেন। আগামীকাল ডিব্রুগড় আসনের বিজেপি প্রার্থী সর্বানন্দ সনোয়াল ও লক্ষিমপুর আসনের প্রার্থী প্রদান পড়ুয়া তাদের মনোনয়ন পত্র জমা দেবেন । আগামী বুধবার যোরহাট আসনের প্রার্থী তপন কুমার গগৈ, কাজিরাঙ্গার প্রার্থী কামাখ্যা প্রসাদ তাসা ও তেজপুর লোকসভা আসনের বিজেপি প্রার্থী রণজিৎ দত্ত সংশ্লিষ্ট জেলা আয়ুক্তের কার্যালয়ে তাদের মনোনয়ন পত্র জমা দেবেন । তাদের মনোনয়ন পত্র জমা দেবার দলের প্রবীণ নেতা রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা, দলের রাজ্যসভাপতি ভবেশ কলিতা, অসম গণ পরিষদের সভাপতি অতুল বরা, কার্যকরী সভাপতি কেশব মহন্ত সহ অন্যান্য দলীয় কর্মকর্তাদের উপস্থিত থাকার কথা রয়েছে ।

অনুরূপভাবে কংগ্রেস ও বিরোধী ঐক্যমঞ্চের কয়েকজন প্রার্থীও আগামীকাল তাদের মনোনয়ন পত্র জমা দেবেন । যোরহাট লোকসভা আসনে কংগ্রেসের গৌরব গগৈ আগামীকাল তার মনোনয়ন পত্র জমা দেবেন । আসাম প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতি ভূপেন বরা মনোনয়ন পত্র দাখিলের সময়ে উপস্থিত থাকবেন ।

---

আসামে সংসদীয় এলাকা পুর্ননির্ধারণের পরবর্তীতে অসংরক্ষিত হয়ে যাওয়া করিমগঞ্জ লোকসভা আসনের জন্য বিজেপি প্রার্থী কৃপানাথ মালাহ্ আগামী তেসরা এপ্রিল মনোনয়ন পত্র দাখিল করবেন বলে করিমগঞ্জ জেলা বিজেপি সভাপতি সুব্রত ভট্টাচার্য জানিয়েছেন । আজ অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে শ্রী ভট্টাচার্য আরো জানান যে- এই মনোনয়ন পত্র দাখিলের সময়ে উপস্থিত থাকার জন্য রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা করিমগঞ্জ আসছেন বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন ।

---

আসন্ন লোকসভা নির্বাচনের জন্য দেশের বিভিন্ন রাজনৈতিক দল চলচ্চিত্র, সাংস্কৃতিক ও ক্রীড়া জগতের বেশকয়েকজন তারকাদের প্রার্থীত্ব প্রদান করেছে । এর আগেও চলচ্চিত্র ও ক্রীড়া জগতের বহু তারকাই সংসদ সদস্য হিসেবে নির্বাচিত অথবা মনোনীত হয়েছেন । হেমামালিনী, জয়া বচ্চন, শচীন তেন্ডুলকর, জয়াপ্রদা, রেখা, জয়ললিতা, নবজ্যোত সিং সিধু সহ বহু তারকাই সংসদে দেশের প্রতিনিধিত্ব করেছেন । এবারে বিজেপি হিমাচল প্রদেশের মান্ডি লোকসভা আসন থেকে কঙ্গনা রানাওয়াত, মীরাট থেকে অভিনেতা অরুণ কুমার গোভিলকে প্রার্থী করেছে । বিজেপির ঘোষণা করা ১১১ জনের পঞ্চম প্রার্থী তালিকায় তাদের নাম অর্ন্তভুক্ত হয়েছে । এদিকে পশ্চিমবঙ্গে তৃণমূল কংগ্রেস দল ক্রিকেটার কীর্তি আজাদ, ইউসুফ পাঠান সহ চিত্র তারকা শত্রুঘ্ন সিন্হাকে প্রার্থী করা হয়েছে ।

---

নির্বাচন কমিশন আসন্ন লোকসভা এবং বিধানসভা নির্বাচনের সময়ে পরিবেশ বান্ধব নির্বাচনের পক্ষে মত প্রকাশ করেছে । কমিশন নির্বাচন সংক্রান্ত নথি-পত্র তথা ভোটার তালিকার জন্যে কাগজের ব্যবহার হ্রাস করতে রাজনৈতিক দলগুলি সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছে । কমিশন ই-বুক সহ ই-ডকুমেন্টের ব্যবহার এবং কাগজের উভয় পিঠের ব্যবহার ও সঠিক বিন্যাসের উপর গুরুত্ব আরোপ করেছে । আসন্ন নির্বাচনের সময় যোগাযোগের জন্য বৈদ্যুতিক মাধ্যমের ব্যবহার করতে সবাইকে উৎসাহিত করার উদ্দেশ্যে এই নির্দেশনা জারী করা হয়েছে । একইসঙ্গে কমিশন পরিবেশ বান্ধব নির্বাচন আয়োজনের উদ্দেশ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তথা রাজনৈতিক দলগুলিকে আসন্ন নির্বাচনের সময়ে একবার ব্যবহারযোগ্য প্লাস্টিকের ব্যবহার এড়িয়ে চলতে এবং আবর্জনা নিষ্কাশনের পৃথক ব্যবস্থা ও অনাময় ব্যবস্থা সুনিশ্চিত করার নির্দেশ দিয়েছে । এছাড়া সবধরণের আবর্জনা নিষ্কাশন সঠিকভাবে করা, পরিবহণের জন্যে পরিবেশ বান্ধব যানবাহন ব্যবহার করা এবং যাতায়াতের জন্য সরকারী পরিবহণের ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে । নির্বাচনী প্রচার কার্যের জন্য নবীকরণযোগ্য শক্তির ব্যবহারকে উৎসাহিত করতেও রাজনৈতিক দলগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে ।

---

দেশের নির্বাচন কমিশন এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জনপ্রতিনিধিত্ব আইনের সংশ্লিষ্ট ধারা অনুযায়ী প্রকৃত ভোটদাতাদের শনাক্তকরণ ও ভোটগ্রহণ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য ভোটাধিকার প্রয়োগের পূর্বে নির্দিষ্ট ভোটকেন্দ্রে সচিত্র ভোটার পরিচয়পত্র দর্শানো বাধ্যতামূলক ।যদি কোন ভোটদাতা  সচিত্র ভোটার পরিচয়পত্র দেখাতে অসমর্থ হন তবে যেকোন একটি বিকল্প নথি যেমন - আধার কার্ড , মনরেগা কার্ড , বেংক ও পোষ্ট অফিসে ফটোযুক্ত পাসবুক , শ্রম মন্ত্রনালয় দ্বারা জারি করা স্বাস্থ্য বীমার স্মার্ট কার্ড , ড্রাইভিং লাইসেন্স , প্যান কার্ড , আর জি আই দ্বারা জারি করা স্মার্ট কার্ড , ভারতীয় পাসপোর্ট , ফটো যুক্ত পেনশনের নথি , কেন্দ্র / রাজ্য সরকার / রাষ্ট্রায়ত্ব সংস্থা এবং পাবলিক লিমিটেড কোম্পানীর পরিচয়পত্র , সাংসদ বিধায়কদের সরকারি পরিচয়পত্র , সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রনালয়ের জারি করা বিশেষভাবে সক্ষমের প্রমাণপত্র

প্রদর্শন করতে পারবেন ।প্রবাসী ভারতীয় নাগরিকদের ক্ষেত্রে পাসপোর্ট প্রদর্শন বাধ্যতামূলক থাকবে ।

---

করিমগঞ্জ লোকসভা আসনে নির্বাচনী প্রচার অভিযান জোর গতিতে চলছে ।বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা বিভিন্ন স্থানে জনসভা র‍্যালি ইত্যাদিতে অংশগ্রহণ করছেন ।ভারতীয় জনতা পার্টির প্রার্থী কৃপানাথ মালা গতকাল রাতে হাইলাকান্দি জেলায় নির্বাচনী কার্য্যলয়ের উদ্বোধন করেছেন । পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে শ্রী মালা গত বছরের তুলনায় অধিক ভোটে  বিজয়ী হবেন বলে প্রত্যয় ব্যাক্ত করেন ।

এদিকে করিমগঞ্জ লোকসভা আসনে কংগ্রেস দলের প্রার্থী হাফিজ রশিদ আহমেদ চৌধুরী আজ হাইলাকান্দি কংগ্রেস ভবনে কয়েকটি সাংগঠনিক সভায় মিলিত হয়েছেন । পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে শ্রী চৌধুরী করিমগঞ্জ আসন  পুনরুদ্ধার করআ হবে বলে দাবী করেছেন ।

---

কাছাড় জেলার এস ভি ই ই পি সেলের দায়িত্বপ্রাপ্ত আধিকারীক এক বিজ্ঞাপ্তিতে জানিয়েছেন যে আগামী ২৭শে মার্চ সকাল ১১টায় বড়খলা মডেল সরকারী কলেজে ভোটার সচেতনতা কার্য্যসূচী অনুষ্ঠিত হবে । বিজ্ঞপ্তিতে এই সচেতনতা কার্য্যসূচীতে সর্বস্তরের জনগনকে অংশ নেওয়ার জন্য অনুরোধ করা হয়েছে ।

---

কর্মচারী ভবিষ্যনিধি সংস্থা - ই পি এফ ও’এর গতকাল প্রকাশ করা তথ্য অনুসারে চলতি বছরের জানুয়ারি মাসে প্রায় আট লক্ষ আট হাজার নতুন সদস্য এতে অর্ন্তভুক্ত হয়েছেন । কেন্দ্রীয় শ্রম মন্ত্রণালয় এক বিবৃতিতে জানিয়েছে যে- এই সময়ের মধ্যে পঞ্জীয়ন হওয়া মোট সদস্যের ৫৬ শতাংশেরও বেশি সদস্য হচ্ছেন ১৮ থেকে ২৫ বছর বয়সের মধ্যে । মন্ত্রণালয়ের প্রকাশ করা তথ্য অনুসারে সংগঠিত ক্ষেত্রে নতুন করে যোগদান করা লোকেদের অধিকাংশই হচ্ছেন যুবক-যুবতী এবং প্রথমবারের জন্য কর্মসংস্থান লাভ করা ব্যক্তি । ই পি এফ ও’এর প্রকাশ করা লিঙ্গভিত্তিক বিশ্লেষণের মাধ্যমে জানা গেছে যে- আট লক্ষ আট হাজার নতুন সদস্যের মধ্যে দু লক্ষ পাঁচ হাজার হচ্ছেন মহিলা ।

---

সমগ্র দেশে আজ উৎসাহ উদ্দীপনায় রঙের উৎসব হোলি পালিত হচ্ছে । এই উৎসব অশুভ শক্তির ওপর শুভ শক্তির জয়কে দর্শায় । আজকের এই দিনে মানুষ একে ওপরকে নানা রঙের আবির লাগিয়ে শুভেচ্ছা বিনিময় তথা গুরুজনদের আশীর্বাদ কামনা করে ।রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু , উপরাষ্ট্রপতি জগদীপ ধনকর , প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী হোলি উপলক্ষে জনসাধারণকে শুভেচ্ছা

জ্ঞাপন করেছেন ।রাষ্ট্রপতি শ্রীমতি মুর্মু সামাজিক মাধ্যমে এক বার্তায় রঙের উৎসব হোলিকে সমন্বয়ের উৎসব এবং দেশের সাংস্কৃতিক ঐতিহ্যের জীবন্ত প্রতীক বলে মন্তব্য করেন ।এই উৎসব জনসাধারণের মধ্যে প্রেম , একতা ও ভ্রাতৃত্বের অনুভব জাগ্রত করে বলে তিনি উল্লেখ করেন ।উপরাষ্ট্রপতি শ্রী ধনকর এই উৎসব ভ্রাতৃত্বের বন্ধনকে সুদৃঢ় করে তুলবে বলে মন্তব্য করেন ।হোলি হচ্ছে জীবনকে উদযাপন ও প্রাকৃতির প্রাচুর্যের প্রতীক বলে শ্রী ধনকর মন্তব্য করেন । এই উৎসব সবার জীবনে সুখ ও সমৃদ্ধি বয়ে আনবে বলে তিনি আশা প্রকাশ করেন ।প্রধানমন্ত্রী শ্রী মোদী রঙের উৎসব সবার জীবনে নতুন শক্তি ও উদ্যোম বয়ে আনবে বলের আশা প্রকাশ করেন । রাজ্যপাল জগদীপ ধনকর ও হোলি উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন ।
এদিকে রাজ্যের বিভিন্ন প্রান্তে গতকাল থেকে পরম্পরাগত আচার অনুষ্ঠান ও উৎসাহ উদ্দীপনায় দোল উৎসব পালিত হচ্ছে ।বরপেটা সত্রে গতকাল থেকে তিনদিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে শ্রীকৃষ্ণের দোল মহোৎসব পালিত হচ্ছে ।এই উৎসব উপলক্ষে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ বরপেটা সত্র পরিদর্শন করেন ।কামরূপ জেলার ঐতিহ্য মন্ডিত দৌলগোবিন্দ মন্দিরেও গতকাল থেকে ৫ দিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে দোল উৎসব পালিত হচ্ছে ।

---

বরাক উপত্যাকার তিন জেলায় ও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে দোল উৎসব পালিত হচ্ছে ।আজ উপত্যাকার বিভিন্ন মন্দির ,আখড়া , বাসগৃহ ইত্যাদিতে দোল পূর্ণিমা উপলক্ষে বিশেষ পূজো , নাম সংকীর্তন ইত্যাদির আয়োজন করা হয় ।উপত্যাকার নানা স্থানে বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনগুলোর উদ্যোগে বসন্ত উৎসবেরও আয়োজন করা হয়েছে ।শিলচর শ্যামসুন্দর আখড়া , গোপাল আখড়া , মদনমোহন আখড়া , ইস্কন মন্দির গৌড়িয় মঠ সহ বিভিন্ন মন্দির বাসগৃহ ইত্যাদিতে আজ দোল উপলক্ষে বিশেষ পূজোপাঠ , নাম সংকীর্তন ইত্যাদি অনুষ্ঠিত হচ্ছে । এছাড়া বিগত কয়েকদিন থেকে বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনের পক্ষ থেকে শিলচর শহর সহ গ্রামাঞ্চলেও বসন্ত উৎসবের আয়োজন করা হচ্ছে ।

---

ডিমাহাসাও জেলায় ও আজ রঙের উৎসব হোলি উপলক্ষে জনসাধারণের মধ্যে উৎসাহ ও উদ্দীপনা পরিলক্ষিত হয়েছে । জনসাধারণ নিজেদের সংস্কৃতি ও পরম্পরা বজায় রেখে একে ওপরকে আবির মাখিয়ে শুভেচ্ছা বিনিময় করতে দেখা গেছে ।এছাড়া জেলার বিভিন্ন মন্দিরে এই উৎসব উপলক্ষে বিশেষ পূজোর ও আয়োজন করা হয়েছে ।

---

কাছাড় মানবাধিকার সংস্থার পক্ষ থেকে সোনাইর বিশিষ্ট শিক্ষাবিদ তথা সংস্থার প্রাক্তন সহ-সভাপতি মনির উদ্দিন লস্করের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করা হয়েছে । সংস্থার পক্ষ থেকে আইনজীবি ইরাবত সিংহ ,প্রাক্তন অধ্যক্ষা সুমিতা ঘোষ , ডক্টর স্মৃতি পাল , আই বিনোদ সিংহ

প্রমূখ শোক প্রকাশ করেছেন । উল্লেখ্য মনির উদ্দিন লস্কর গত শনিবার শেষ নিশ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৮৭ ।

---